গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৫-১৭৪

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৩ / ০৫ জুন ২০১৬

## প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোহাম্মদ আবদুল হালিম (পরিচিতি নম্বর ০০১০৫০), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া {প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ:দা:, সিলেট সড়ক বিভাগ}-তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ১৩.০৩.২০১২ তারিখের ৩৫.০১৫.০১৬.০০.০০.০০১.২০১১ (অংশ-১)-৩৬ সংখ্যক অফিস আদেশে অতীব জরুরি প্রয়োজন (যেমন : প্রাকৃতিক দুর্যোগ, দুর্ঘটনা, সড়ক নেটওয়ার্ক বিপর্যয় ইত্যাদি) ব্যতিত Limited Tendering Method (LTM) এর মাধ্যমে কার্য সম্পাদনে সড়ক বিভাগের উন্নয়ন উইং প্রধানের সম্মতি গ্রহণ করার নির্দেশনা থাকা সত্ত্বেও সম্মতি গ্রহণ না করে LTM পদ্ধতিতে কার্য সম্পাদন প্রক্রিয়াকরণ করেন;

যেহেতু মন্ত্রণালয়ের সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও উক্ত নির্দেশনার ব্যত্যয় ঘটিয়ে সিলেট সড়ক বিভাগের ৪টি কাজ সম্পাদনের নিমিত্ত ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রস্তাব প্রেরণ করে সরকারি আদেশ লঙ্ঘনসহ পিপিআর, ২০০৮ লংঘন করেন;

যেহেতু সড়ক ও জনপথ অধিদপ্তরের সিলেট জোনের আওতাধীন সিলেট, মৌলভীবাজার ও সুনামগঞ্জ সড়ক বিভাগের LTM দরপত্রের মাধ্যমে দুর্নীতি ও অনিয়ম করে অর্থ আত্মসাতের বিষয়টি তদন্ত করার জন্য তদানীন্তন যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের ২৫.০৪.২০১৩ তারিখের ৩৫.০০.০০০০.০১৫.২৭.০৩৪.১৩-১৯৪ সংখ্যক স্মারকের মাধ্যমে ০২(দুই) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্ত কমিটি গত ১১.০৬.২০১৩ তারিখের ৩৫.০০.০০০০.০১২.০১৬.০০১.১৩-১৪৩ সংখ্যক স্মারক মারফত দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখিত ৪টি প্যাকেজের কাজ কোন অবস্থাতেই অতি জরুরী ভিত্তিতে সম্পাদন করার মত পরিস্থিতি দৃষ্টিগোচর হয়নি এবং কাজটি পিপিআর, ২০০৮ লংঘন করে সম্পাদন করা হয়েছে মর্মে উল্লেখ করে;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২ (এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ এবং একই বিধিমালার বিধি ৩ (ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণতার অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১৬/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ২৫.০৫.২০১৫ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০৯.০৭.২০১৫ তারিখে তাঁর শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আলাউদ্দিন ফকির-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তাঁর বিরুদ্ধে সিলেট সড়ক বিভাগের ৪টি কাজ জরুরী পরিস্থিতি সৃষ্টি না হওয়া সত্ত্বেও এলটিএম পদ্ধতিতে কার্যসম্পাদন প্রক্রিয়াকরণ ও বাস্তবায়ন করে সরকারি আদেশ লঙ্ঘন এবং পিপিআর, ২০০৮ লঙ্ঘন করেছেন বলে অভিযোগ প্রমাণিত হয়েছে এবং দুর্নীতিপরায়ণতার অভিযোগটি প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

চলমান পাতা-২

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীর সময় প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল-দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, তাঁর বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং এ কারণে তাঁকে অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করা হয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৭.০১.২০১৬ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৫-০৮ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী লঘুদন্ড হিসেবে একটি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হতে ১(এক) বছরের জন্য স্থগিত করা হয়;

যেহেতু তিনি উক্ত দন্ডের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১৭(১)(এ) অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি বরাবর আপীল আবেদন করেন;

যেহেতু মহামান্য রাষ্ট্রপতি আপীল আবেদনকারীর আবেদন বিবেচনা করে তাঁকে প্রদত্ত ১টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ১(এক) বছরের জন্য স্থগিত রাখার দন্ড হ্রাস করে তিরস্কার দন্ড প্রদান করেন;

সেহেতু, এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোহাম্মদ আবদুল হালিম (পরিচিতি নম্বর ০০১০৫০), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া {প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, চ:দা:, সিলেট সড়ক বিভাগ}-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) অনুযায়ী লঘুদন্ড হিসেবে তিরস্কার (censure) দন্ডে দন্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.১৫-১৭৪/১(১৪)

তারিখ : ২২ জ্যৈষ্ঠ ১৪২৩
০৫ জুন ২০১৬

**<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. যুগ্মসচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
০৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১২. জনাব মোহাম্মদ আবদুল হালিম (পরিচিতি নম্বর ০০১০৫০), নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বগুড়া সড়ক বিভাগ, বগুড়া
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(মোহাঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮